

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী



স্মারক নম্বর : ০২/৬৯৯/৮৯৯/২২০৪/৯৯

তারিখ : ০৫/৬/১৮

বিষয় : মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রীট মামলা নং- ৮৫৪৬/১৭ এর বিপরীতে প্রদত্ত নির্দেশনা মোতাবেক প্রতিবেদন প্রেরণ প্রসংগে।

সূত্র : অত্র বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার গত ০৪/০৩/২০১৮ ইং তারিখের মতামত এবং জেলা প্রশাসক, পাবনা মহোদয়ের শিক্ষা ও কল্যাণ শাখার গত ০৮/১০/২০১৭ ইং তারিখের ৫২৬ নং স্মারক পত্র মোতাবেক প্রেরিত তদন্ত প্রতিবেদন।


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, পাবনা জেলার সুজানগর উপজেলাধীন সুজানগর পাইলট উচ্চ বিদ্যালয়টিকে ২০১২ সালে কলেজে রূপান্তরিত করা হয়। গত ০৫/০৭/২০১২ ইং তারিখে প্রতিষ্ঠানটিকে উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাদশ শ্রেণি খোলার প্রাথমিক অনুমতি দেয়া হয়। তৎকালীন ম্যানেজিং কমিটি কর্তৃক ১৩ জন শিক্ষক ও কর্মচারী কলেজ শাখায় নিয়োগ প্রাপ্ত হন। বিদ্যমান ম্যানেজিং কমিটির মেয়াদ শেষ হলে গত ০৭/১০/২০১৩ ইং তারিখে অত্র দপ্তর প্রতিষ্ঠানটির গভর্নিং বডি অনুমোদন করে। প্রদত্ত গভর্নিং বডির মেয়াদ অস্তে নতুন গভর্নিং বডি গঠন সংক্রান্ত বিষয়ে কোন আবেদন অদ্যাবধি পাওয়া যায়নি। পরবর্তীতে ২০১৫ সালে অত্র কলেজ হতে ৩১ জন পরীক্ষার্থী উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশ নিয়ে ২৬ জন পাশ করে। অনুরূপভাবে ২০১৬ সালে ৪৫ জনের মধ্যে ৩৮ জন এবং ২০১৭ সালে ৪১ জনের মধ্যে ৩৪ জন উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়। ২০১৮ সালে অনুষ্ঠিতব্য পরীক্ষার্থীর সংখ্যা ৩৩ জন। এছাড়াও ২০১৭-১৮ শিক্ষাবর্ষে কলেজটিতে কিছু সংখ্যক ছাত্র/ছাত্রী ভর্তি হয়েছে। এদিকে কলেজ শাখার কয়েকজন শিক্ষককে জোর পূর্বক পদত্যাগ করানো হয়েছে মর্মে গত ২৫/০১/২০১৭ ইং তারিখে সুজানগর থানার সাধারণ ডায়েরী নং ১৩২৫-এ উল্লেখ রয়েছে।

এমতাবস্থায়, অত্র দপ্তরের নথিপত্র দৃষ্টে প্রতিয়মান হয়, প্রতিষ্ঠানটির কলেজ শাখার স্বাভাবিক কার্যক্রম চলমান না থাকলেও কলেজ কোড নং- ৩৪০৩ এবং EIIIN NO: ১২৫৭৫৪ এখনো বহাল আছে। তবে প্রধান শিক্ষকের অনিহার কারণে কলেজ শাখার স্বাভাবিক কার্যক্রম ব্যহত হচ্ছে মর্মে অভিযোগ পাওয়া গেছে।

বিষয়টি মহামান্য হাইকোর্টের সদয় অবগতির জন্য প্রেরিত হলো।

সংযুক্তি :

- ১। জেলা প্রশাসক, পাবনা এর তদন্ত প্রতিবেদন
- ২। সুজানগর থানার সাধারণ ডায়েরী
- ৩। পেপার কাটিং


কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
রাজশাহী।
